# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৬৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬৫]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ১৬: সুন্নাহ পালনের গুরুত্ব ও তার কিছু আদব প্রসঙ্গে

(16) ـ باب الأمر بالمحافظة على السنة وآدابها

---

আরবী

عن ابن عباس، رضي الله عنهما، قال: قام فينا رسول الله صلى الله عليه وسلم بموعظة فقال: "يا أيها الناس إنكم محشورون إلى الله تعالى حفاة عراة غرلاً (كما بدأنا أول خلق نعيده وعداً علينا إنا كنا فاعلين) (الأنبياء: 103) ألا وإن أول الخلائق يكسى يوم القيامة إبراهيم ، صلى الله عليه وسلم، ألا وإنه سيجاء برجال من أمتي ، فيؤخذ بهم ذات الشمال؛ فأقول: يارب أصحابي؛ فيقال: إنك لا تدري ما أحدثوا بعدك، فأقول كما قال العبد الصالح: (وكنت عليهم شهيداً ما دمت فيهم) إلى قوله: ( العزيز الحكيم) ) (المائدة : 117،118) فيقال لي : إنهم لم يزالوا مرتدين على أعقابهم منذ فارقتهم" (متفق عليه).

বাংলা

১০/১৬৯। ইবনু আব্বাস রাদিয়াল্লাহু ’আনহু বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নসীহত করার জন্য আমাদের মাঝে দাঁড়ালেন। অতঃপর তিনি বললেন, ’’হে লোক সকল! তোমাদেরকে আল্লাহর নিকট উলঙ্গ পা, উলঙ্গ দেহ ও খতনাবিহীন অবস্থায় একত্রিত করা হবে। (আল্লাহ বলেন,) ’যেমন আমি প্রথম সৃষ্টি করেছি আমি পুনর্বার তাকে সেই অবস্থায় ফিরাবো। এটা আমার প্রতিজ্ঞা, যা আমি পুরা করব।’ সূরা আম্বিয়া ১০৪ আয়াত)

জেনে রাখো! কিয়ামতের দিন সৃষ্টির মধ্যে সর্বপ্রথম ইব্রাহীম আলাইহিস সালাম-কে বস্ত্র পরিধান করানো হবে। আরো শুনে রাখ! সে দিন আমার উম্মতের কিছু লোককে নিয়ে আসা হবে অতঃপর তাদেরকে বাম দিকে নিয়ে যাওয়া হবে। তারপর আমি বলব, ’হে প্রভু! এরা তো আমার সঙ্গী।’ কিন্তু আমাকে বলা হবে, ’এরা আপনার (মৃত্যুর) পর (দ্বীনে) কী কী নতুন নতুন রীতি আবিষ্কার করেছিল, তা আপনি জানেন না।’ (এ কথা শুনে) আমি বলব--যেমন নেক বান্দা (ঈসা আলাইহিস সালাম) বলেছিলেন, ’’যতদিন আমি তাদের মধ্যে ছিলাম, ততদিন আমি ছিলাম তাদের ক্রিয়াকলাপের সাক্ষী। কিন্তু যখন তুমি আমাকে তুলে নিলে, তখন তুমিই তো ছিলে তাদের

ক্রিয়াকলাপের পর্যবেক্ষক। আর তুমি সর্ববস্তুর উপর সাক্ষী। তুমি যদি তাদেরকে শাস্তি দাও, তবে তারা তোমারই বান্দা। আর যদি তাদেরকে ক্ষমা কর, তবে তুমি তো পরাক্রমশালী প্রজ্ঞাময়।' (সূরা মায়েদা ১১৭ আয়াত) অতঃপর আমাকে বলা হবে যে, 'নিঃসন্দেহে আপনার ছেড়ে আসার পর এরা (ইসলাম থেকে) পিছনে ফিরে গিয়েছিল।'[1]

## English

(16) Chapter: Observing the Sunnah and the manners of its obedience

Ibn 'Abbas (May Allah be pleased with him) reported:
Messenger of Allah (ﷺ) said, "On the Day of Resurrection you will be assembled barefooted, naked and uncircumcised". He then recited: "As We began the first creation, We shall repeat it. (It is) a promise binding upon Us. Truly, We shall do it," and continued: "The first to be clothed on the Day of Resurrection will be (Prophet) Ibrahim. Then some of my Companions will be taken to the left, (i.e., towards Hell-fire) and when I will say, 'They belong to my Ummah, O my Rubb!' It would be said: 'You do not know what they invented after you had left them.' I shall then say as the righteous slave [i.e., 'Isa (Jesus (ﷺ)] said: 'And I was a witness over them while I was amongst them, when You took me up, You were the Watcher over them and You are a Witness to all things. If you punish them, they are Your slaves, and if You forgive them, verily, You, only You are the All-Mighty, the All-Wise.' I shall be told: 'They continued to turn on their heels since you parted from them".

[Al-Bukhari and Muslim].

## ফুটনোট

[1] মুসলিম ২৮৬০, ৩৩৪৯, ৩৪৪৭, ৪৬২৫, ৪৬২৬, ৪৭৪০, ৬৫২৪, ৬৫২৫, ৬৫২৬, তিরমিযী ২৪২৩, ৩১৬৭, ৩৩৩২, নাসায়ী ২০৮১, ২০৮২, ২০৮৭, আহমাদ ১৯১৬, ১৯৫১, ২০২৮, ২০৯৭, ২২৮১, ২৩২৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22470

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন